Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 24 May, 2025

রাশিয়ার আড়াই শতাধিক ক্ষেপণাস্ত্র এবং ড্রোন ভূপাতিত করেছে ইউক্রেন। এক বিবৃতিতে ইউক্রেনের বিমান বাহিনী শনিবার (২৪ মে) জানিয়েছে, তারা এক রাতেই রাশিয়ার ৬টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং ২৪৫টি ড্রোন ভূপাতিত করেছে।রাজধানী কিয়েভ লক্ষ্য করে এসব হামলা চালানো হয়।খবর এএফপির।

বিমান বাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, বিমান প্রতিরক্ষা বাহিনী ৬টি ইস্কান্দার-এম/কেএন-২৩ ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (কিয়েভ) ভূপাতিত করেছে এবং ২৪৫টি শাহেদ ইউএভি ধ্বংস করেছে।

এর আগে ইউক্রেনের একটি সামরিক স্থাপনায় ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে রাশিয়া। ওই হামলায় অন্তত ৬ জন সেনা নিহত ও ১০ জন আহত হয়েছেন।

ইউক্রেনের জাতীয় নিরাপত্তা বাহিনী জানিয়েছে, সামরিক স্থাপনাটি একটি প্রশিক্ষণ কেন্দ্র ছিল এবং হামলার সময় প্রশিক্ষণ চলছিল।হামলার পর ওই ইউনিটের কমান্ডারকে বরখাস্ত করেছে কিয়েভ।

রাশিয়া ওই হামলার একটি ফুটেজও প্রকাশ করেছে, যেখানে বনাঞ্চলের একটি প্রশিক্ষণ শিবিরে আঘাত হানার দৃশ্য দেখা যাচ্ছে। আকাশ থেকে তোলা ফুটেজে দেখা গেছে, একটি বিস্ফোরণের ফলে বিশাল এলাকায় আগুন লেগে যায় ও ঘন কালো ধোঁয়ার কুণ্ডলী বাতাসে উড়ছে।

সে সময় ইউক্রেনের জাতীয় নিরাপত্তা বাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, একটি অভ্যন্তরীণ তদন্ত চলছে এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলোও এতে সহযোগিতা করছে।

ইউক্রেন-সংকট রাশিয়া-ইউক্রেন-যুদ্ধ রাশিয়া ইউক্রেন যুদ্ধ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 18:09

URL: https://www.timestodaybd.com/international/2862952098